গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বারহাট্টা, নেত্রকোনা
www.barhatta.netrakona.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২০৯.০০০.৯৯.০০১.২২-২২৩

তারিখঃ ০৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২৩ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

**জলমহাল ইজারা প্রদানের নিমিত্ত আবেদন আহ্বান**
**(বিজ্ঞপ্তি নম্বর-০২/২০২৩)**

ভূমি মন্ত্রণালয়ের ১৪ মার্চ ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২)- ২৭৪ নং স্মারকের আলোকে প্রকৃত মৎস্যজীবি/যুব মৎস্যজীবি সমবায় সমিতি/ সংগঠন/সমিতিসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর অনুচ্ছেদ ৫ ও অনুচ্ছেদ ৬ ও সংশোধিত ২০১২ ও সংশ্লিষ্ট অন্যান্য অনুচ্ছেদ অনুযায়ী নেত্রকোণা জেলাধীন বারহাট্টা উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন (২০ একর পর্যন্ত বদ্ধ) ইজারাযোগ্য নিম্নবর্ণিত জলমহাল ম্যানুয়ালি ১৪৩০-১৪৩২ বঙ্গাব্দ ০৩ (তিন) বছর মেয়াদে (০১ বৈশাখ ১৪৩০ হতে ৩০ চৈত্র ১৪৩২ পর্যন্ত) সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের জন্য নির্ধারিত ফরমে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ/সদস্যগণের নিকট হতে নির্ধারিত সময়সূচি, নিয়মাবলী/শর্তাবলী ও চেকলিস্ট অনুসরণপূর্বক আবেদন আহ্বান করা যাচ্ছে।

**সময়সূচি**

| দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় |
|---|---|
| ২০ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ/০৩.০৪.২০২৩ খ্রি. | ২১ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ /০৪.০৪.২০২৩ খ্রি. |

জলমহালের বিবরণ ও তথ্যাদি

| ক্রঃ নং | ইজারাযোগ্য জলমহালের নাম (মৌজাসহ) | জলমহলের আয়তন (একরে) | সরকারি ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | শ্মশানঘাট পুকুর, মৌজা- বালিজুরী | ০.৬০ | ২২৯৯/- | কোন জলমহালের বিষয়ে কোন মামলায় কোন নিষেধাজ্ঞার আদেশ থাকলে কিংবা ইজারা সংক্রান্ত বিষয়ে মহামান্য আদালতের ভিন্ন রুপ কোন সিদ্ধান্ত থাকলে উক্ত জলমহাল ক্যালেন্ডার হতে বাদ দেওয়া হয়েছে বলে গণ্য হবে। |
| ০২ | তুন্দ্রানদী, মৌজা- বরুহাটি | ২.০৬ | ২৭৫৬/- | |
| ০৩ | আটিয়া বিল, মৌজা- দেউলী | ৩.৬৭ | ৪২৪৫/- | |
| ০৪ | স্বল্পদশাল পুকুর, মৌজা- স্বল্প দশাল | ০.৮৩ | ৪২৪৫/- | |
| ০৫ | নৈহাটী পুকুর, মৌজা- নৈহাটি | ১.৪৩ | ৪২৪৫/- | |
| ০৬ | পুটকিয়া পুকুর, মৌজা- পুটকিয়া | ০.৮৩ | ৪২৪৫/- | |
| ০৭ | ছয়হাল পুকুর - ১, মৌজা-ছয়হাল | ০.৫২ | ৪২৪৫/- | |
| ০৮ | ছয়হাল পুকুর - ২, মৌজা-ছয়হাল | ০.২২ | ৪২৪৫/- | |
| ০৯ | চিরাম পুকুর -১, মৌজা-চিরাম | ০.৩৬ | ৪২৪৫/- | |
| ১০ | চিরাম পুকুর -২, মৌজা-চিরাম | ০.৩৮ | ৪২৪৫/- | |
| ১১ | চিরাম পুকুর -৩, মৌজা-চিরাম | ০.৬৮ | ৪২৪৫/- | |
| ১২ | ছোট কৈলাটী পুকুর, মৌজা-ছোট কৈলাটী | ১.০৩ | ৪৪৫৭/- | |

**'নিয়মাবলী'**

১. অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

২. যে সকল জলমহালের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষের/মন্ত্রণালয়ের স্থগিতাদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় অথবা কোনো আদালতের স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থার আদেশ রয়েছে সে সকল জলমহালের উপর বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া পরবর্তীতে কোনো জলমহালের উপর অনুরূপ আদেশ হলেও সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে।

৩. জলমহালের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি (www.barhatta.netrokona.gov.bd) ওয়েবসাইটেও পাওয়া যাবে।

৪. জলমহালের আবেদন দাখিলের সকল শর্তাদি উপজেলা ওয়েবপোর্টাল ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ড হতে জানা যাবে।

৫. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ (পাঁচশত) টাকা অফেরতযোগ্য মূল্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে আবেদন ফরম সংগ্রহ করে নির্দিষ্ট ফরমে (যা নীতির পরিশিষ্ট- 'ক'-এ উল্লেখ রয়েছে) আবেদন দাখিল করতে হবে।

৬. পূরণকৃত আবেদন ফরমটি অনলাইনে স্ক্যান করে দাখিল পূর্বক ফরমের মূল কপি ৫০০/- (পাঁচশত) টাকা জমার রশিদসহ অন্যান্য প্রিন্টেড কপির সাথে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা প্রদান করতে হবে।

৭. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপর 'জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে। খামের বাম পার্শ্বের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

৮. অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

৯. নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কোনো আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য ম্যানুয়ালী আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০. কর্তৃপক্ষ কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোনো অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং জলমহাল ইজারা সংশ্লিষ্ট আইন/আদেশ/নির্দেশ যেগুলো এখানে উল্লেখ করা সম্ভব হয়নি, সেই আদেশ/নির্দেশ/আইনের সকল শর্তাবলী এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া পরবর্তীতে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত যে কোনো আদেশ/নির্দেশ এবং বিধি বিধানও আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন।

২৩.০৩.২০২৩

(এস. এম. মাজহারুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বারহাট্টা, নেত্রকোণা

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২০৯.০০০.৯৯.০০১.২২-২২৩

তারিখঃ ০৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২৩ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. জনাব আশরাফ আলী খান খসরু, মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ১৫৮, নেত্রকোণা-২, ও মাননীয় প্রতিমন্ত্রী, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
৪. চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৫. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৬. পুলিশ সুপার, নেত্রকোণা।
৭. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, নেত্রকোণা।
৮. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/মহিলা বিষয়ক অধিদপ্তর/জেলা সমাজসেবা অধিদপ্তর, নেত্রকোণা।
৯. জেলা মৎস্য কর্মকর্তা, নেত্রকোণা।
১০. জেলা সমবায় কর্মকর্তা, নেত্রকোণা।
১১. সহকারী কমিশনার(ভূমি), বারহাট্টা, নেত্রকোণা। তাকে বিজ্ঞপ্তিটি মাইকযোগে ও ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। প্রেরিত বিজ্ঞপ্তিটি সকল মৎস্যজীবী সমবায় সমিতি, ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন ভূমি অফিস এবং সর্বসাধারণের অবগতির নিমিত্ত জারী করে এসআরের কপি ফেরত দেয়ার জন্য অনুরোধ করা হলো।
১২. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, বারহাট্টা, নেত্রকোণা। বিজ্ঞপ্তিটি বারহাট্টা উপজেলার ওয়েবপোর্টালে-এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৩. জনাব ..........................................................................................., সদস্য, জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, নেত্রকোণা।
১৪. ..................................................................................................................................................।

২৩.০৩.২৩

(সানজিদা চৌধুরী)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বারহাট্টা, নেত্রকোণা।